

৪২

শিক্ষক সমিতি ফেডারেশনের আহ্বান

৮ সেপ্টেম্বর দেশের সব বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট

।। স্টার রিপোর্টার ।।
আজ রোববার ও আগামী ৮ই সেপ্টেম্বর বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন দেশের সবগুলো বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট পালন করবে। এদিকে বিশ্ববিদ্যালয়ের অফিসাররাও দু'দফা দাবীতে তাদের ধর্মঘট অব্যাহত রেখেছে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে গত ২৯শে জুলাই ও পরবর্তীতে ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল কর্মীরা শিক্ষকদের ওপর বেপরোয়া হামলা চালালে আন্দোলনের দীর্ঘ প্রক্রিয়ায় শিক্ষক সমিতি ফেডারেশন এ কর্মসূচী গ্রহণ করেছে। ইতিমধ্যেই জাহাঙ্গীরনগর ৭-এর পাতা ৭য় কঃ দেখুন

৮ সেপ্টেম্বর

প্রথম পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ২১ জন সন্ত্রাসীর বিরুদ্ধে সন্ত্রাস দমন আইনে মামলা দায়ের করেছে এবং সন্ত্রাসীদের গ্রেফতারের দাবী জানিয়ে আসছিল। কিন্তু সরকার এ ব্যাপারে তেমন কোন ভূমিকা পালন করেনি বলে শিক্ষক নেতৃবৃন্দ অভিযোগ করেছেন। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গত ২৯শে জুলাই জাতীয়তাবাদী ছাত্রদল সমর্থক একদল দুরূহকারী প্রথমে ব্যাপক ভাঙচুর ও পরে শিক্ষকদের ওপর হামলা চালায়। এর পরপরই জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়া হয় এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা অবিরাম কর্মবিরতি পালন করে। পরবর্তীতে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন এ বর্বর হামলার প্রতিবাদে কালো ব্যাজ ধারণ, মিছিল-সমাবেশ ও অন্যান্য কর্মসূচী পালন করেছে। একই সাথে ৫ ও ৮ই সেপ্টেম্বর দেশের সবগুলো বিশ্ববিদ্যালয়ে এ কারণেই ধর্মঘট আহ্বান করা হয়।

শিক্ষক সমিতি ফেডারেশন আগামী বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাধেয় বাংলার পাদদেশ থেকে মৌন মিছিল বের করবে এবং আজ বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করবে। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাসমূহ ধর্মঘট কর্মসূচীর আওতার বাইরে থাকবে।

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের সাতটি বিশ্ববিদ্যালয়ের অফিসাররা দু'দফা দাবীতে গতকাল শনিবার থেকে ধর্মঘট অব্যাহত রাখার কারণে বিপুলসংখ্যক ছাত্র-ছাত্রী তাদের পরীক্ষা সম্পর্কিত কাজসহ অন্যান্য কার্যক্রম সম্পাদন করতে পারেনি। বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তারা গতকাল থেকে তিনদিনব্যাপী ধর্মঘট পালনের সিদ্ধান্ত নিয়েছে। ধর্মঘটী অফিসাররা গতকাল কাজে যোগ না দেয়ায় ছাত্রদের দুর্ভোগ পোহাতে হয়। আগামীকাল সোমবার পর্যন্ত অফিসাররা তাদের ধর্মঘট অব্যাহত রাখবে। পরবর্তীতে দাবী মানা না হলে নতুন কর্মসূচী ঘোষণা করা হবে।